




কালের কণ্ঠ

৩১-১০-২০২৪, পৃষ্ঠা- অনলাইন

ইন্সট ওয়েস্ট ইউনিভার্সিটিতে ‘গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি’ সপ্তাহ



বৃহস্পতিবার (৩১ অক্টোবর) সকালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বর্ণাঢ্য র্যালি এবং কেক কাটার মধ্য দিয়ে এ আয়োজনের উদ্বোধন হয়। ছবি : কালের কণ্ঠ

রাজধানীর ইন্সট-ওয়েস্ট ইউনিভার্সিটিতে শুরু হয়েছে সপ্তাহব্যাপী ‘গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি (এমআইএল) সপ্তাহ’ ২০২৪। বিশ্ববিদ্যালয়টির ইনফরমেশন স্টাডিজ বিভাগ এবং ইউনেকো ঢাকা অফিস যৌথভাবে গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি সপ্তাহ উদযাপন করছে।

বৃহস্পতিবার (৩১ অক্টোবর) সকালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বর্ণাঢ্য র্যালি এবং কেক কাটার মধ্য দিয়ে এ আয়োজনের উদ্বোধন হয়। এতে ইন্সট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, উপাচার্য অধ্যাপক শামস রহমান, হেড অব অর্গানাইজেশন অ্যান্ড ইউনেকো রিপ্রেজেন্টেটিভ টু বাংলাদেশ ড. সুজান ভাইজ, ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. দিলারা বেগম, সেক্টর লীড-কমিউনিকেশন অ্যান্ড ইনফরমেশন ইউনেকো ঢাকা অফিস নূরে জাম্মাত প্রমা, কালের কণ্ঠ মাল্টিমিডিয়া বিভাগের প্রধান যাকারিয়া ইবনে ইউসুফ, শিক্ষকরাসহ বিশ্ববিদ্যালয়ের কয়েক শতাধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

অতিথিরা ডিজিটাল স্পেসে গণমাধ্যম এবং তথ্য সাক্ষরতার গুরুত্বের ওপর জোর দেন। চলতি বছর ‘গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি’ সপ্তাহের প্রতিপাদ্য ‘দ্য নিউ ডিজিটাল ট্রান্সিয়ারস অব ইনফরমেশন: মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি ফর পাবলিক-ইন্টারেস্ট ইনফরমেশন’। এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য প্রফেসর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

উদ্বোধনী বক্তব্যে ড. সুজান ভাইজ প্রতিবছর দিবসটি গুরুত্বের সঙ্গে আয়োজনের জন্য ইনফরমেশন স্টাডিজ বিভাগকে অভিনন্দন জানান।

তিনি বলেন, বর্তমান সময়ে আমরা যা কিছু করি- মূলত তথ্যই শেয়ার করি। তাই ডিজিটাল স্পেসে কোনটা সঠিক তথ্য আর কোনটা ভুল তথ্য এ বিষয়ে সচেতন হওয়া জরুরি।

গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি সপ্তাহ’ ২০২৪-এর আহ্বায়ক প্রফেসর ড. দিলারা বেগম তার বক্তৃতায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং ইউনেকো ঢাকা অফিসকে এই অনুষ্ঠান আয়োজনে তাদের সহায়তার জন্য ধন্যবাদ জানান। তিনি জানান, চলতি বছরের সংস্করণে মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি নেটওয়ার্ক প্রতিষ্ঠার মাধ্যমে তরুণ প্রজন্মের মধ্যে মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি বিষয়ক দক্ষতা অর্জনের বিকল্প নেই।

ইন্সট-ওয়েস্ট ইউনিভার্সিটির ক্যাম্পাসে ৩১ অক্টোবর থেকে ০৪ নভেম্বর ২০২৪ পর্যন্ত সপ্তাহব্যাপী অনুষ্ঠানে থাকছে- ক্যাম্পাসে এবং অনলাইন প্ল্যাটফর্মে মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি বৃদ্ধির জন্য নেটওয়ার্ক প্রতিষ্ঠা, প্রচারণা, কর্মশালা, সেমিনার ইত্যাদি।

ইনফরমেশন স্টাডিজ বিভাগ ২০১৭ সাল থেকে বৈশ্বিক এই কর্মসূচিটি নিরবচ্ছিন্নভাবে উদযাপন করে আসছে।